

কলাস্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেস্টার)

ইলেকটিভ বাংলা ১৯

কবিতা ও নাটক

কোর্স জি.ই.- ৩.৯

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

প্রতিটি পর্ব থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

পর্ব - ক

১. ‘ঘরেতে এল না সে তো, মনে তার নিত্য আসাযাওয়া’ – দুঃসহ নাগরিক জীবনযন্ত্রণার মধ্যেও নিত্য কোন সম্বলটুকুকে আশ্রয় করে গতি পেয়েছে হরিপদর কেরানী জীবন, ‘বাঁশি’ কবিতা অবলম্বনে তা লেখো। ১০

অথবা

২. সাধারণ মেয়ের গল্প কীভাবে অসাধারণ হয়ে উঠেছে ‘পুনশ্চ’ কাব্যের ‘সাধারণ মেয়ে’ কবিতায়, বুঝিয়ে দাও। ১০
৩. ‘বন্দীর বন্দনা’ কবিতা অবলম্বনে বুদ্ধদেব বসুর বিশিষ্ট জীবন দর্শন ও প্রণয় চেতনার পরিচয় দাও। ১০

(Turn over)

(2)

অথবা

৪. বিষ্ণু দে-র 'টপ্পা ঠুংরি' কবিতায় আধুনিক প্রেমের খণ্ডিত ও আশাহত কোনও বিশেষ দিককে খুঁজে পাও কি? আলোচনা করো। ১০

৫. সুভাষ মুখোপাধ্যায়ের 'ফুল ফুটুক না ফুটুক' কবিতার একটি পাঠ-প্রতিক্রিয়া সংক্ষেপে লেখো। ১০

অথবা

৬. 'অবনী বাড়ি আছে?' কবিতায় কবির এ সম্বোধন কার প্রতি? কবিকে অনুসরণ করে কবিতাটির তাৎপর্য আলোচনা করো। ১০

৭. নীরেন্দ্রনাথ চক্রবর্তীর অমলকান্তি কেন রোদুর হতে চেয়েছিল বুঝিয়ে দাও। ১০

অথবা

৮. সুধীন্দ্রনাথ দত্তের 'উটপাখি' কবিতায় উটপাখি কীসের প্রতীক? কবিতাটিতে কবির সমাজচেতনার কোনও বিশেষ দিক খুঁজে পাও কী? স্পষ্ট করো। ১০

(3)

পর্ব খ

৯. 'গোড়ায় গলদ' নাটকের নামকরণ কি কাহিনির গতিপথকে নির্দেশ করেছে? তোমার মতামতটি সংক্ষেপে লেখো। ১০

১০. 'গোড়ায় গলদ' নাটকের নারী চরিত্রগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

১১. দিলরুবার তার ছেঁড়ার অনুষ্ণে সামাজিক যে বিপন্নতার ছবি 'ছেঁড়া তার' নাটকে চিত্রিত হয়েছে তা আলোচনা করো। ১০

১২. উৎপীড়ন ও প্রতিরোধ 'ছেঁড়া তার' নাটকে কেমনভাবে এসেছে তা নিজের পাঠ-অভিজ্ঞতা অনুসারে লেখো।

— X —